অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 7/31/2026 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল প্রয়াত ফায়ার চীফ স্টিফেন ওয়েরলির সম্মানে পতাকা অর্ধনমিত রাখার নির্দেশ দিলেন

পুরো নিউ ইয়র্ক স্টেটে পতাকা অর্ধনমিত রাখা হবে 1 আগস্ট, শনিবারে

গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল) আজকে নির্দেশ দিয়েছেন যে 20 জুলাই, 2026, সোমবার, কর্তব্যরত অবস্থায় মৃত্যুবরণকারী পিসেকো ভলান্টিয়ার ফায়ার কোম্পানির (Piseco Volunteer Fire Company) ফায়ার চিফ Stephen Woehrle-এর (স্টিফেন ওয়েরলি) সম্মানে 1 আগস্ট, শনিবার, সূর্যোদয় থেকে সূর্যাস্ত পর্যন্ত স্টেটের সব সরকারি ভবনে পতাকা অর্ধনমিত রাখা হবে।

"Stephen-এর (স্টিফেন) সারাজীবনের সেবা এবং নেতৃত্ব তার সহকর্মীদের এবং একই সাথে তার পথে চলা সকলের জন্য একটি অনুকরণীয় উদাহরণ," **গভর্নর Hochul (হোকল) বলেন।** "আমরা কৃতজ্ঞ যে Stephen (স্টিফেন) সেবার আহ্বানে সাড়া দিয়েছিলেন, এবং তার পরিবার, বন্ধু এবং সহকর্মী ফার্স্ট রেস্পন্ডারদের প্রতি আমরা গভীর সমবেদনা জানাই।"

পিসেকো ভলান্টিয়ার ফায়ার কোম্পানিতে দায়িত্ব পালনের পাশাপাশি চিফ Woehrle (ওয়েরলি) পূর্বে এল্মসফোর্ড ফায়ার ডিপার্টমেন্টের (Elmsford Fire Department) চীফ হিসেবে দায়িত্ব পালন করেছেন, তিনি দমকল সেবায় 48 বছর কাজ করেছেন এবং এল্মসফোর্ড পুলিশ ডিপার্টমেন্ট (Elmsford Police Department) থেকে পুলিশ সার্জেন্ট হিসেবে অবসর গ্রহণ করেছেন।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন
এই গ্রুপ থেকে আনসাবস্ক্রাইব করতে এবং এর থেকে ইমেইল পাওয়া বন্ধ করতে press.release+unsubscribe@exec.ny.gov ঠিকানায় একটি ইমেইল পাঠান।